

## **USHASEW AVS : L03 - CUT & ATTACH\_ENGALI**

এই ভিডিওতে আমরা শিখব কিভাবে দু'টুকরো কাপড় কেটে একসঙ্গে সেলাই করতে হয়, আর ধারণলোয় ফিনিশও দেওয়া যায়।

এর জন্যে আমাদের লাগবে একটুকরো কাপড়, যার মাপ হবে কুড়ি ইঞ্চি বাই আট ইঞ্চি - মাপার টেপ, স্কেল, তলের মার্কার, বীড-লাগানো পিন, আর একটা কাঁচি।

শুরু'র আগে যেকোনো কাপড়েরই বুনটটা বুরো নেওয়া দরকার, তার দৈর্ঘ্য আর প্রস্থ নির্দ্দারণের জন্যে। এটাই এর একটা সহজ উপায়...।

কাপড়ের টুকরোটা ভাঁজ-করা অবস্থায় নিয়ে সমান ক'রে রাখুন - আন্তে-আন্তে সেটা টেনে ধরুন। দৈর্ঘ্য হ'ল সেটাই যেখানে কোনো টান পড়ে না, আর প্রস্থটা সামান্য টেনে ধরে।

এবার আপনি কাপড়টায় ব্লক করতে তৈরী।

কাপড়টা দু'ভাঁজ-করা অবস্থাতেই রাখুন, সোজা দিকটা যেন ওপরে থাকে। দৈর্ঘ্য-বরাবর দশ ইঞ্চি মেপে শুরু করুন, আর তাতে 'ক' চিহ্ন দিন। এবার প্রস্থ-বরাবর আট ইঞ্চি মাপুন, তাতে 'ক্ষ' চিহ্ন দিন। 'ক্ষ' পয়েন্ট থেকে লম্বালম্বি 'ক্ষ' চিহ্ন দিন, দশ ইঞ্চি দূরত্বে। পয়েন্ট 'ক্ষ'-টাকে একটু আগুপিচুক্ত ক'রে নিন, পয়েন্ট 'ক' থেকে প্রস্থ ধরে আট ইঞ্চি মেপে।

এবার জলে মার্কার আর স্কেলের সাহায্যে পয়েন্ট - গুলো সরলরেখায় জুড়ে দিন, যাতে দশ বাই আটের একটা রেক্ট্যাংগলে তৈরী হয়ে যায়।

আপনার সদ্য-চিহ্নিত রেখাগুলির ভেতরদিকে কাপড়টা একসঙ্গে ধ'রে রাখতে বীড-লাগানো পিন কাজে লাগান। এতে ধারণলো একত্রিত থাকবে। কাটার আগে এটা অবশ্যই ক'রে নেবেন।

এবার বাড়তি কাপড়টা সাবধানে চিহ্নিত লাইন-বরাবর কাটুন। ...কাটা হয়ে গেলে সবকটা পিন খুলে নিন। এখন আপনি দু'টুকরো কাপড় পেয়ে গেলেন যেগুলো একেবারে সমান মাপের।

কাপড়টা উল্টো ক'রে সোজা দিকগুলো একসঙ্গে মেলান, তারপর ধার-ঘেঁষে পিন লাগিয়ে দিন। এবার আপনি দু'টো টুকরো একসঙ্গে সেলাই করতে প্রস্তুত!

কাপড়ের টুকরোগুলো প্রেসার ফুটের নীচে রাখুন। কাপড়ের ধারের অংশে যেখানে আধ ইঞ্চি চিহ্ন দেওয়া আছে, সেটা সুঁচের প্লেটের ওপরে বসান। তারপর প্রেসার ফুটটা নামিয়ে নিন।

খেয়াল করে স্ট্রিচ প্যার্টন লোকটা ‘ক’-তে সেট টা ২ আর ৩-এর মাঝখানে নিয়ে আসুন। সামনের দিকে কয়েকটা স্ট্রিচ করে তারপর রিভার্স স্ট্রিচ সিলেক্টেরে চাপ দিন, আর ওপর অব্ধি ফির্তি সেলাই ক’রে স্ট্রিচ -গুলো লক্ক’রে দিন।

রিভার্স স্ট্রিচ সিলেক্টের-টা ছেড়ে দিয়ে দৈর্ঘ্যের একেবারে নীচ পর্যন্ত সেলাই করে যান। মেশিনটা থামিয়ে ব্যালান্স হাইল-টা নিজের দিকে ঘুরিয়ে নিন সুঁটা ঢোকানোর জন্যে, তারপর রিভার্স স্ট্রিচ বোতামটা চিপে কয়েকটা ফির্তিমুখী স্ট্রিচ করুন। আবার বোতামটা ছেড়ে দিয়ে শেষ পর্যন্ত সেলাই ক’রে স্ট্রিচ -গুলো লক্ক’রে দিন।

হয়ে গেলে প্রেসার ফুট -টা তুলে খেট কাটার দিয়ে বাড়তি সুতোগুলো ছেঁটে দিন।

দু’টো চুকরো একসঙ্গে সেলাই ক’রে দেওয়ার পর, কাপড়ের খোলা ধারমুখগুলোয় ফিনিশ দেওয়া দরকার জিগজ্যাগ স্ট্রিচ -এর সাহায্যে।

এর জন্যে রিভার্স স্ট্রিচ সিলেক্টের -টা ‘ক্ষ’-তে সেট করে দিন, আর স্লীচলেংথ সিলেক্টেরটা ঘুরিয়ে ‘১’-এ নিয়ে আসুন।

কাপড়ের ধারের অংশটা ফুট করুন -এর সঠিক দিকের সঙ্গে সমন্বয়ে রাখুন।

ব্যালান্স হাইল -টা নিজের দিকে ঘোরান, আর দেখুন কিভাবে সুঁটা কাপড়ের বাইরের দিকে নেমে যাচ্ছে, সোজা কাপড়ের ভেতর পর্যন্ত। বসানোটা নিখুঁতভাবে হ’লৈ সোলাই চালিয়ে যান।

কাপড়ের শেষ পর্যন্ত পৌঁছে প্রেসার ফুট -টা ওপরে তুলুন, তারপর কাপড়টা সরিয়ে নিয়ে বাড়তি সুতো ছেঁটে দিন। এবার আপনি জেনে গেলেন কিভাবে দু’টুকরো কাপড় কেটে সেলাই করতে হয়, আর জিগজ্যাগ প্রয়োগ ক’রে ধারগুলোয় ফিনিশ দিতে হয়।

এই দু’টি পদ্ধতিই বারবার অভ্যন্তর করুন, যতক্ষণ না আপনার সম্পূর্ণ-করা টুকরোটা পরিপাণি দেখায়। আপনার সৃজনী কাজে নিপুণতার ছোঁয়া আনতে এটা বিরাট অবদান রাখবে!